“আল্লাহর নিকট যারা ন্যায়পরায়ণ তারা মহান রহমানের ডান পার্শ্বে নূরের মিম্বরের উপর অবস্থান করবে। আর তাঁর উভয় হস্তই ডান

আব্দুল্লাহ ইবনু ‘আমর ইবনুল ‘আস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন,
রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “আল্লাহর নিকট যারা
ন্যায়পরায়ণ তারা মহান রহমানের ডান পার্শ্বে নূরের মিম্বরের উপর অবস্থান করবে। আর
তাঁর উভয় হস্তই ডান। (ঐ ন্যায়পরায়ণগণ ) যারা তাদের বিচারে, পরিবারে এবং তার কর্তৃত্ব
ও নেতৃত্বাধীন ব্যক্তিবর্গের ব্যাপারে ন্যায়নিষ্ঠ।” [সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে সংবাদ দিয়েছেন, যারা মানুষের মাঝে অর্থাৎযারা তাদের অধিনস্থ, নিয়ন্ত্রণাধীন ও পরিবারের মাঝে ন্যায়পরায়ণতা ও সততার সাথে বিচারকার্য পরিচালনা করে, তাদের সম্মানার্থে কিয়ামতের দিন নূরের তৈরি সুউচ্চ আসনে উপবিষ্ট করা হবে। এসব মিম্বারসমূহ মহান রহমানের ডান পার্শ্ব। আর তার উভয় হস্তই ডান।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4935